115

দৈনিক ইনকিলাব

তারিখ ... 17 FEB 1997 ...
পৃষ্ঠা: ১২ কলাম ৪ ...

# প্রধানমন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয় ও বাংলা একাডেমীতে আসার সকল অধিকার হারিয়েছেন

—ঢাঃ বিঃ ছাত্র দল

জাতীয়তাবাদী ছাত্র দল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহবায়ক নাসির উদ্দিন আহমেদ অসীম ও যুগ্ম আহবায়ক সেলিমুজ্জামান সেলিম গতকাল এক বিবৃতিতে আগামীকাল ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় বাংলা একাডেমী প্রাঙ্গণে প্রাধানমন্ত্রী শেখ হাসিনার আগমনে তীব্র নিন্দা ও বিস্ময় প্রকাশ করেছেন। নেতৃবৃন্দ বিবৃতিতে বলেন, বর্তমান প্রধানমন্ত্রী ক্ষমতাসীন হবার পর আওয়ামী লীগ পুলিশী সহযোগিতায় চর দখলের মত ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান একের পর এক দখল করে নিয়েছে। খুন হয়েছে শতাধিক ছাত্র নেতা-কর্মী। গ্রেফতার হয়ে কারাগারে হাজার হাজার ছাত্রনেতা আমানবিক জীবনযাপন করছেন। সারাদেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান সন্ত্রাসীদের তান্ডবের কাছে জিম্মি হয়ে আছে। জনজীবনের নিরাপত্তা বর্তমানে নেই বললেই চলে। অত্যাচার, নির্যাতন, চুরি, ডাকাতি, রাহাজানি নিত্যকার বিষয়ে পরিণত হয়েছে। এমনকি, পুলিশ হেফাজতে পুলিশের নির্যাতনের শিকারে নিহত হয়েছে যুবনেতা তুহিন, সীমারানী হারাচ্ছে ইজ্জত এবং প্রাণ। এমন একটি মুহূর্তে শেখ হাসিনা বাংলা একাডেমীতে বই মেলার উদ্বোধন ২১-এর চেতনাকে নস্যাৎ করারই শামিল হবে বলে নেতৃদ্বয় বিবৃতিতে উল্লেখ করেন। তারা বলেন, বর্তমান প্রধানমন্ত্রী বাংলা একাডেমী তথা ঢাকা বিশ্ববিদ্যালয় আঙ্গিনায় আসার সমস্ত অধিকার আরও পূর্বেই হারিয়েছেন।